

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৭

সোনামুড়া, ৯ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

সোনামুড়া মহকুমায় ৮টি মডেল ভোটকেন্দ্র

আসন্ন লোকসভা নির্বাচনে ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনের নির্বাচনে সোনামুড়া মহকুমার ৪টি বিধানসভা কেন্দ্রে মোট ৮টি মডেল ভোটকেন্দ্র থাকবে। এছাড়া যুব ভোটকর্মীদের দ্বারা পরিচালিত ভোটকেন্দ্র থাকবে ৪টি। মহকুমার মডেল ভোটকেন্দ্রগুলি হলো ২০-বক্সনগর বিধানসভা কেন্দ্রের গহিনপুর হাইস্কুল (দক্ষিণাংশ), দুর্গাপুর হাইস্কুল, ২১-নলছড় (এসসি) বিধানসভা কেন্দ্রের জুমেরচেপা হাইস্কুল (দক্ষিণাংশ), কেমতলি অদ্বৈত মল্লবর্মণ স্মৃতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় (পূর্বাংশ), ২২-সোনামুড়া বিধানসভা কেন্দ্রের কবি নজরুল মহাবিদ্যালয়, মেলাঘর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় (উত্তরাংশ), ২৩-ধনপুর বিধানসভা কেন্দ্রের দক্ষিণ পাহাড়পুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং কাঁঠালিয়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়।

যুব ভোটকর্মীদের দ্বারা পরিচালিত ভোটকেন্দ্রগুলি হলো ২০-বক্সনগর বিধানসভা কেন্দ্রের কুলুবাড়ি দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয় (দক্ষিণাংশ), ২১-নলছড় (এসসি) বিধানসভা কেন্দ্রের পোয়াংবাড়ি হাইস্কুল (উত্তরাংশ), ২২-সোনামুড়া বিধানসভা কেন্দ্রের দক্ষিণ রাজ্জামাটি হাইস্কুল, ২৩-ধনপুর বিধানসভার উত্তর কামরাঙ্গাতলি হাইস্কুল। সোনামুড়া মহকুমা শাসক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
